24

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 27 MAY 1989
পৃষ্ঠা ...... কলাম 2

# মেডিকেল কলেজসমূহ স্বায়ত্তশাসিত সংস্থায় পরিণত না করার দাবী

।। স্টাফ রিপোর্টার ।।

বাংলাদেশ সরকারী কর্মচারী সমন্বয় পরিষদের সভায় মেডিকেল কলেজ ও হাসপাতালসমূহ সরকারী প্রতিষ্ঠান

শেষ পৃষ্ঠায় ৩য় কলামে

## মেডিকেল কলেজ

প্রথম পৃষ্ঠার পর

থেকে স্বায়ত্তশাসিত সংস্থায় রূপান্তরিত না করার জন্য সরকারের নিকট দাবী করাহয়েছে।

গতকাল শুক্রবার সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন পরিষদের ভারপ্রাপ্ত মোঃ এনায়েত হোসেন। তবে বক্তৃতা করেন মহাসচিব সালে উদ্দিন সেলিম, এ কে এম সিরাজুল ইসলাম, আবদুল আউয়াল।

সভায় বলা হয়, মেডিকেল কলেজ ও হাসপাতালের কর্মচারীদের ৩০/৪০ বছর সরকারী চাকরি থেকে সরিয়ে নিয়ে স্বায়ত্তশাসিত সংস্থার কর্মচারী হিসেবে গণ্য করা হলে তারা সীমাহীন দুর্ভোগের শিকার হবে। যেখানে সরকারের নিয়ন্ত্রণাধীন থেকেই যখন হাসপাতালে সেবা পাচ্ছে না, সেখানে স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান হলে সেবা কোন্ পর্যায়ে গিয়ে দাঁড়াবে, সেটাই প্রশ্ন। সুতরাং হাসপাতালকে সরকরী আওতায় রেখে জনগণের সেবার মাত্রা বৃদ্ধি করা যায় কিনা, তা ভেবে দেখা উচিত। সভায় ঢাকা মশক নিধন সংস্থাকে স্থানীয় সরকার মন্ত্রণালয় থেকে ঢাকা পৌর কর্পোরেশনে ন্যস্ত না করার জন্যও সরকারের নিকট দাবী জানানো হয়।